



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ৩৫২/বিদ্যালয়/বিবিধ/৬৭১১

তারিখ: ০২/১২/২০২৪ খ্রি.

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা পর্ষদ গঠনে নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

- সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫২ তারিখ: ১৮/১১/২০২৪
২। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.২৫৩ তারিখ: ১৮/১১/২০২৪
৩। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.১৮.০০৩.২৪.৩৬০ তারিখ: ০১/১২/২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর প্রবিধি ৬৪(৩) এর "স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে" শব্দাবলির কার্যকারিতা সম্ভব নয়। উক্ত প্রবিধানমালার প্রবিধি ৭৫ এর ক্ষমতাবলে প্রবিধি ৬৪(৩) এর উক্ত শব্দাবলির স্থলে নিম্নরূপ শব্দাবলি প্রতিস্থাপন করা হলো:

বিদ্যমান শব্দাবলি	প্রতিস্থাপিত শব্দাবলি
৬৪(৩)- সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, স্থানীয় সংসদ সদস্যের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩(তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।	৬৪(৩)- সভাপতি মনোনয়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, মহনগরীর ক্ষেত্রে বিভাগীয় কমিশনার/ অন্যান্য ক্ষেত্রে জেলা প্রশাসকের সহিত আলোচনাক্রমে, শিক্ষানুরাগী ব্যক্তি, খ্যাতিমান সমাজসেবক, জনপ্রতিনিধি অথবা কর্মরত বা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীগণের মধ্য হইতে ৩(তিন) জনের একটি তালিকাসহ অন্যান্য সদস্যের মনোনয়ন গ্রহণপূর্বক সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডের নিকট প্রেরণ করিবেন।

'বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০২৪' এর প্রবিধি ৬৪ এর আওতায় এডহক কমিটি গঠনপূর্বক উক্ত এডহক কমিটি কর্তৃক আগামী ০৬(ছয়) মাসের মধ্যে নিয়মিত কমিটি গঠন করার জন্য শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, এডহক কমিটি 'সভাপতি, শিক্ষক প্রতিনিধি, অভিভাবক প্রতিনিধি ও সদস্য সচিব' -এর সমন্বয়ে ৪ (চার) সদস্য বিশিষ্ট হবে।

এডহক কমিটির সভাপতির শিক্ষাগত যোগ্যতা কলেজের ক্ষেত্রে স্নাতকোত্তর এবং স্কুলের ক্ষেত্রে স্নাতক পাশ হবে।

বিদ্যমান কমিটিসমূহের ক্ষেত্রেও ইহা প্রযোজ্য হবে তবে সংস্থা কর্তৃক পরিচালিত শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রযোজ্য নয়।

প্রফেসর তপন কুমার সরকার

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা